



নং-০৭.০০.০০০০.১৫৭.১৫.০২২.২৩ - ৮৯

তারিখ: ২৪/০৫/২০২৩

বিষয়: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের আওতায় “জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট”-এর জন্য ১৩টি পদ অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজন।

সূত্র: শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের স্মারক নং-৪০.০০.০০০০.০২০.৪৭.০০১.২২-১৬১, তারিখ: ২৫/০৪/২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের আওতাধীন নবসৃষ্ট “জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট (NOHSTRI)” এর জন্য ইতঃপূর্বে সৃজনের জন্য সম্মতিকৃত ১৩ (তের)টি পদ বাতিলপূর্বক নিম্নোক্ত ছকে ও শর্তে ৪ ক্যাটাগরির ১৩টি পদ অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনে অর্থ বিভাগের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

ক্রঃনং	পদ নাম	পদ সংখ্যা
০১।	যুগ্মমহাপরিদর্শক	০১
০২।	উপমহাপরিদর্শক	০৪
০৩।	সহকারী মহাপরিদর্শক (সাধারণ)	০১
	সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য)	০১
	সহকারী মহাপরিদর্শক (সেইফটি)	০২
০৪।	শ্রম পরিদর্শক (সাধারণ)	০১
	শ্রম পরিদর্শক (স্বাস্থ্য)	০১
	শ্রম পরিদর্শক (সেইফটি)	০২
মোট=		১৩

শর্তসমূহ:

- পদ সৃজনের জি.ও. জারির পূর্বে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সদয় অনুমোদন গ্রহণ করতে হবে;
- প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদন গ্রহণ করতে হবে;
- পদসমূহের বেতনস্কেল অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক যাচাই করে নিতে হবে;
- মন্ত্রিপরিষদ বিভাগের ০৩/০৫/২০০৩ তারিখের মপবি/কবিশা/কপগ-১১/২০০১-১১১ নং স্মারকে বর্ণিত নিয়মাবলী অনুসরণ করতে হবে;
- পদ সৃজনের জি.ও. জারি করে এর ০৪ কপি সমস্বাক্ষরের জন্য অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;
- অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাঙ্কনকৃত জি.ও-র ০১ (এক) কপি সংশ্লিষ্ট চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়ে প্রেরণ এবং ০১ (এক) কপি সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী অফিসে সংরক্ষণ করতে হবে;
- যে তারিখে প্রশাসনিক মন্ত্রণালয় থেকে পদ সৃজনের জি.ও. জারি করা হবে সে তারিখ থেকে পদ সৃজিত হবে;
- মন্ত্রণালয়/বিভাগ/অফিসের বিদ্যমান টিওএন্ডই-তে নতুন সৃজিত পদ স্থায়ী/অস্থায়ী হিসাবে চিহ্নিতপূর্বক অন্তর্ভুক্ত করে টিওএন্ডই হালনাগাদ করতে হবে এবং হালনাগাদকৃত টিওএন্ডই-এর এক কপি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;
- স্থায়ী/অস্থায়ী পদ সৃজনের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওএন্ডএম ম্যানুয়ালের অন্যান্য বিধি-বিধান অনুসরণ করতে হবে;
- যে সকল পদ নিয়োগ বিধিতে অন্তর্ভুক্ত নেই সে সকল পদ নিয়োগবিধিতে অন্তর্ভুক্ত করতে হবে;
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রযোজ্য শর্তাবলী প্রতিপালন করতে হবে;
- এতদসংক্রান্ত প্রযোজ্য সকল বিধি-বিধান অবশ্যই পালন করতে হবে;
- অর্থ বিভাগের ৩১-০১-২০২৩ তারিখের ০৭.০০.০০০০.১৫৭.১৫.০২২.২৩-২০ নং স্মারকে জারিকৃত পত্রটি বাতিল বলে গণ্য হবে।

28.05.2023
শ্রীঃ আব্দুল গফুর
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ২২৩৩৮৫৪৪৫

অতিরিক্ত সচিব (বাস্তবায়ন)
অর্থ বিভাগ।

অনুলিপি (সদয় অবগতি):

সচিব

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্বাক্ষর

